

Bhavan's Tripura Vidyamandir

3rd Periodic Assessment : (2024-2025)

Class:- 9

Time:- 2 Hours

Subject:- Bengali

Total :- 50 Marks

Name of the student:

Roll Section

- | | | | |
|--|---------------------------------------|-------------------|---------------------|
| 1) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ: | $1 \times 4 = 4$ | | |
| ১৯৩০ সালের ৮ই ডিসেম্বর দুপুর সাড়ে বারোটা, ইউরোপীয় পোষাক পরা তিনজন যুবক গটগট করে উঠে এল রাইটার্স বিল্ডিংস এর সিঁড়ি দিয়ে। বলাই বাহুল্য এই তিনজনের দলপতির নাম বিনয় বসু। বাকি দুজন সুধীর গুপ্ত এবং দীনেশ গুপ্ত। সুধীরের ডাক নাম ছিল বাদল। ওরা তিনজন এসে দাঁড়াল আই জি মিঃ সিম্পসনের অফিসের সামনে। সাহেবের আদালি ওদের দেখে জিজেস করল, আপনারা কি সাহেবের সঙ্গে দেখা করতে চান, নাম লিখুন আগে। ওরা সে কথার উত্তর না দিয়ে চুকে পড়ল ভেতরে। সিম্পসন বাক্রুন্দি ভাবে মুখ তুলে তাকাল। তাকে প্রতিরোধের কোনো সুযোগ না দিয়েই তিনি জনের রিভলবার গর্জে উঠল একসঙ্গে। পাঁচ ছট্টিয় গুলিতে সিম্পসনের দেহ ফুঁড়ে গেল। সমস্ত রাইটার্স বিল্ডিংস কেঁপে উঠল সেই শব্দে। তার চেয়েও জোরে ওরা তিনজনে চেঁচিয়ে উঠল বন্দেমাত্রম্। | | | |
| i) সুধীরের ডাক নাম কি ছিল? | | | |
| a) অমল | b) আকাশ | c) বাদল | d) বিকাশ |
| ii) তিনজনের দলপতি কে ছিল? | | | |
| a) রাইটার্স | b) উকিল | c) বিনয় বসু | d) বাদল |
| iii) তিনজন যুবক কি বলে চেঁচিয়ে উঠলো? | | | |
| a) বন্দেমাত্রম্. | b) মুক্তি দাও | c) অধিকার দাও | d) বাঁচাও |
| iv) দেহ শব্দের পদান্তর কি? | | | |
| a) দৈহিক | b) দেহস্ত | c) দেহত | d) দৌহিক |
| 2) ব্যসবাক্য সহ রেখাক্ষিত পদের সমাস নির্ণয় কর। : (যেকোনো তিনটি)। | $1 \times 3 = 3$ | | |
| a) সে <u>তেমাথা</u> য দাঁড়িয়ে আছে। | b) তিনি অন্যের <u>শরনাগত</u> হয়েছেন। | | |
| c) <u>বীণাপাণি</u> জনের অধিকারিনী | d) সকলে <u>নীরব</u> হয়ে বসেছিল। | | |
| 3) নির্দেশনুসারে বাক্য পরিবর্তন করো : (যে কোনো তিনটি) | $1 \times 3 = 3$ | | |
| a) এমন মানুষ বেশি দেখা যায় না। (অস্ত্যর্থক বাক্যে) | | | |
| b) আপনি অন্য প্রসঙ্গ আরম্ভ করুন। (নির্দেশক বাক্যে) | | | |
| c) আর কি পাইবো তারে? (নির্দেশক বাক্যে) | | | |
| d) সকলেই সুখী হতে চায়। (প্রশ্নবাচক বাক্যে) | | | |
| 4) সন্ধি বিচ্ছেদ করো অথবা সন্ধিবদ্ধ পদটি লেখ। (যেকোনো চারটি) | $1 \times 4 = 4$ | | |
| নীল + উৎপল, তথা+এব, রমেন্দ্র, প্রত্যেক, মহোৎসব | | | |
| ৫) পাঠ্য গদ্য থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো: (যেকোনো তিনটি)। | $1 \times 3 = 3$ | | |
| i) ভারতবর্ষের জলবায়ু কেমন? | | | |
| a) শুষ্ক | b) আদ্র | c) গ্রীষ্ম প্রধান | d) শীতল |
| ii) ফটিকের মামার কয় ছেলে? | | | |
| a) দুই ছেলে | b) তিন ছেলে | c) চার ছেলে | d) পাঁচ ছেলে |
| iii) ইলিয়াস গল্লাটি কে অনুবাদ করেন? | | | |
| a) মহম্মদশা | b) মনীন্দ্র দত্ত | c) একজন অতিথি | d) সভাষ মখোপাধ্যায় |

iv) মিসেস বুলের বয়স কত ছিল?

- a) ৪০ বছর b) ৫০ বছর c) ৩০ বছর d) ৪৫ বছর

6) ক) স্বামী বিবেকানন্দ মিস নোবল্ কে লেখা তার চিঠিতে ভারতবর্ষের কী কী বিষ্ণের কথা উল্লেখ করেছেন লিখ?

অথবা

2

খ) পঞ্চাশ বছর ধরে সুখ খোঁজে ও কেন তারা সুখ পায়নি?

7) :-

ক) পুরুষের চেয়ে নারীর একজন প্রকৃত সিংহীর প্রয়োজন কেন বুঝিয়ে লিখ?

অথবা

3

খ) বিধবা কোন প্রস্তাবে কেন সহজে সম্মত হলেন বুঝিয়ে লিখ?

8) :-

ক) “মিসেস সেভিয়ার নারীকুলের রত্নবিশেষ।” মিসেস সেভিয়ারের পরিচয় দাও। বন্তা কেন সেভিয়ারকে ‘নারীকুলের রত্নবিশেষ’ বলেছেন?

2+3=5

অথবা

খ) “মা, এখন আমার ছাঁটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।” - বন্তা কে? এ কথার মধ্য দিয়ে তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে ব্যাখ্যা কর।

9) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো: (যেকোনো একটি)।

5×1 =5

ক) “সভ্যতার নব নব তৃষ্ণা ক্ষুধা

উঠে কত হলাহল উঠে কত সুধা।”

অথবা

খ) “অনন্তকাল যাদের বেদনা রাখিয়াছে শুধু বুকে,

এদেশের কবি রাখে নাই যাহা মুখের ভাষায় টুকে;”

10) :-

ক) “আমি কিছুই ছাড়বো না এই রোদ ও বৃক্ষ

আমাকে দাও ক্ষুধার অন্ন।” - কার লেখা, কোন কবিতার অংশ? লাইনটির তাৎপর্য বিশ্লেষণ করো।

2+3=5

অথবা

খ) “পল্লির কোলে নির্বাসিত এ ভাই বোন গুলো হায়

যাহাদের কথা আধ বোঝা যায়, আধ নাহি বোঝা যায়।” - কার লেখা, কোন কবিতার অংশ? তাৎপর্য বিশ্লেষণ করো।

11) সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখ: (যেকোনো তিনটি) 1×3=3

i) অপু সারা দুপুর কোথায় ছিল?

- a) নারায়নপুর b) বনে c) বহরমপুর d) বারোয়ারি তলায়

ii) অজয়ের বয়স কত ছিল?

- a) অপুর সমবয়সী b) পাঁচ বছর c) ১২ থেকে ১৪ বছর d) ১০ বছর

iii) অপুর বাড়িতে কে খেতে যেত?

- a) বেহালা বাদক b) তবলা বাদক c) ঢোলক বাদক d) গিটার বাদক

iv) ‘রেলের পথ’ গল্পে কোথাকার পাকা সড়কের কথা বলা হয়েছে?

- a) নিশ্চিন্তপুরের b) নবাবগঞ্জের c) বহরমপুরের d) অমরেন্দ্রপুরের

12) :-

ক)” ছেলেটা যে কী বোকা সে আর কি বলবো। কি করি যে এ ছেলে নিয়ে আমি! “ বন্ধু কে? ‘ছেলেটা এবং আমি বলতে কার কথা বলা হয়েছে? বন্ধু কোন ঘটনার পরিপ্রেক্ষিতে এ কথা বলেছিল ? সত্যিই কি সে বোকা ছিল? 2+3=5

অথবা

খ) ”দুর্গার মুখ শুকাইয়া এতটুকু হইয়া গিয়াছিল, সেজ-ঠাকুরনের ভাবভঙ্গিতে তাহার জিভ যেন মুখের মধ্যে জড়াইয়া গেল।“সেজ-ঠাকুরুন কে? কখন দুর্গার মুখ শুকিয়ে গিয়েছিল ও জিভ যেন মুখের মধ্যে জড়িয়ে গিয়েছিল? কেন দুর্গার এই অবস্থা হয়েছিল?

13) :-

ক) তোমার বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে চলেছে। স্কুলের ছাত্র ছাত্রীদের এর জন্য অংশগ্রহণ করার আহ্বান জানিয়ে একটি বিজ্ঞপ্তি জারি করো।

অথবা

খ) তোমার বিদ্যালয়ে বৃক্ষরোপন আনুষ্ঠান অনুষ্ঠিত হতে চলেছে। বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের অংশগ্রহণ করার আহ্বান জানিয়ে একটি বিজ্ঞপ্তি জারি করো।

5